



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: www.sylhetboard.gov.bd, E-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং : সিশিবো/প্রশা/বিবিধ নথি/৬৯২

তারিখ : ১২ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয় : বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের 'সভাপতি' পদে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.১৮৩, তারিখ : ২০ আগস্ট ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এডহক কমিটি/নির্বাহী কমিটির সভাপতি পদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর ৬৮ অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি/ নির্বাহী কমিটির সভাপতি পদে-

- (ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারকে; এবং
- (খ) মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার/ বিভাগীয় কমিশনারের মনোনীত প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব প্রদান করা হলো। পুনরাদেশ না দেয়া পর্যন্ত তারা সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন।

গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর ৬৩ অনুযায়ী (সংস্থা) পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবে না।

উল্লেখ্য, যেসকল প্রতিষ্ঠান কমিটির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কমিটি গঠন করতে পারেনি বা কমিটিবিহীন অবস্থায় পরিচালিত হচ্ছে যেসকল প্রতিষ্ঠানকে গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর ৬৪ (২) অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন করতে হবে।

(টৌধুরী মামুন আকবর)

সচিব ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।
২৭/৮/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট এর আওতাধীন নিম্নমাধ্যমিক/মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫. সংরক্ষণ নথি।